

বইটি এক বার পড়েই ফেলে দিন!



Quick-Notes on

English

Grammar, Translation and Writing

---By **S M Zakir Hussain**

(*Author of more than 350 books reaching millions of readers worldwide*)

Read this book only *once* and throw it away!

Game over in *10 Days!*

Covers *all patterns* of English.

The best weapon to fight the battles of ***BCS, Bank Jobs, Varsity Admission Tests, Non-Cadre Jobs, GMAT, GRE, SAT, IELTS, TOEFL*** and all other competitive exams.

প্রথম সংস্করণ: নভেম্বর, ২০২৫

প্রকাশক: ThinkingClub এর পক্ষে এস এম জাকির হুসাইন

বর্ণবিন্যাস এবং অলংকরণ: ThinkingClub Publications
Department

ওয়েবসাইট: www.thinkingclub.com.bd

ফেসবুক গ্রুপ: Learn English with Experts
(<https://www.facebook.com/groups/apttel/>)

কপিরাইট: এস এম জাকির হুসাইন

মূল্য: (PDF) ১৯৯ টাকা।

যোগাযোগ:

PhilWriterSMZH@gmail.com

Hello: 01714-688-699

সতর্কীকরণ বিজ্ঞপ্তি:



www.ThinkingClub.bd.com ওয়েবসাইট ছাড়া অন্য কোনো জায়গা থেকে এই বইটির
বিক্রয় ও বিতরণ এবং সংগ্রহকরণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং তা শাস্তিযোগ্য অপরাধ।

বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় ও
প্রভাবশালী লেখক এবং চিন্তাবিদ

এস এম জাকির হুসাইন

এর সর্বশেষ এবং সর্বশ্রেষ্ঠ বই, যা
সৃষ্টিকর্তার দয়ায় লাখো পাঠকের
**জীবন বদলে দেবে মাত্র এক
মাসেই!**

এখন থেকে মাত্র এক মাস পর
আপনি অন্য কেউ!

বইটা কাদের জন্য এবং কেন?

কেন এই বইটা পড়বেন?

জীবনটা যেন গন্তব্যে পৌঁছায়, পথে পড়ে না থাকে, সেই উদ্দেশ্যে এই বইটা পড়বেন। এই বইটা পড়বেন হঠাৎ বদলে যাওয়ার জন্য – একেবারে কয়েক দিনের মধ্যেই!



- ▶ হ্যাঁ, এই বইটা পড়বেন এই জাতীয় **পৃথিবীর সব বই পড়ার তৃষ্ণা মিটিয়ে ফেলার জন্য**।
- ▶ ফলে **যারা মাত্র এক বার পড়েই বইটা ফেলে দেয়ার সাহস দেখাতে চান** তাদের জন্য।
- ▶ আসলে, **গ্রামার মাত্র কয়েক দিনের মধ্যে আয়ত্ত করার জন্য যদি কেউ পৃথিবীর সব বই পড়ে ফেলতে না চায়** তাহলে তেমন অলস শিক্ষার্থীদের জন্যই এই বইটা।
- ▶ যারা **শেখার সাথে সাথেই শিক্ষক হতে চান** তাদের জন্য।
- ▶ যারা **বিদেশ গিয়ে ইংরেজি শেখার পথ বাদ দিয়ে বরং ইংরেজি শিখেই বিদেশ যেতে চান** তাদের জন্য।
- যারা **ভর্তি পরীক্ষার জন্য শিখবেন অথচ তার পর জীবনে কখনও আর ইংরেজি শেখাই লাগবে না** বলে বিশ্বাস রাখেন তাদের জন্য।
- ▶ যারা এই লেখকেরই অতীত থেকে বেরিয়ে এসে বর্তমানে **বিপ্লবী কায়দায় পৃথিবী দখল করতে চান** তাদের জন্য।

কী এই জাদুকরী পদ্ধতির রহস্য?

মাত্র ৩০ মিনিটেও ইংরেজি গ্রামারের পূর্ণাঙ্গ
মানচিত্রটা দেখা সম্ভব। কিন্তু কিভাবে? এবং
কেনই বা তা সম্ভব হয়?

অনেকেই এই কথাটি দেখে অবাক হচ্ছেন। অনেকে আবার আশান্বিত
হচ্ছেন এই কথাটি ভেবে যে এতকাল কষ্ট করে যা শেখার চেষ্টা করতে
করতে মাথা এলোমেলো হয়ে গেছে, তার সারাংশটা অন্তত এখন
পাওয়া যাবে।।

কিন্তু প্রকৃতপক্ষে আমরা এখন যা বলতে চাচ্ছি তা একেবারেই
ভিন্ন। আমরা ইংরেজি গ্রামার শেখার সম্পূর্ণ এক নতুন এবং
বৈপ্লবিক এবং যুগের উপযোগী পদ্ধতির মূলমন্ত্র জানব। তবে আমরা
অকারণে সম্প্রসারিত তত্ত্বীয় কথাবার্তায় প্রবেশ না করে সরাসরি
আমাদের পদ্ধতির আলোচনায় প্রবেশ করতে চাই।

গ্রামার কাকে বলে? — যে শাস্ত্র অধ্যয়ন করিলে বাক্য পড়িতে লিখিতে

...

ব্যস! বেশি কথা এই পর্যন্তই থাক। এ নিয়ে গোটা পৃথিবীতে অনেক হয়েছে। এই জাতীয় সংজ্ঞার উপর ভিত্তি ভাষা চেনা যায়, জানা যায় না। এবং এই চেনার অর্থ হলো বড়জোর দূর থেকে আঙ্গুল দিয়ে কোন কিছুকে চিহ্নিত করার মত। তার বেশি কিছু নয়। একেবারেই নয়।

চেনা আর জানা এক কথা নয়।

তবুও ধরা যাক আদিকালের প্রথা অনুযায়ী আপনি এখন ইংরেজি গ্রামার শিখছেন। সেখানে আপনি কী কী শেখাকে গ্রামার শেখা হিসেবে জেনেছেন? আপনি যাকে গ্রামার শেখা বলে জেনেছেন তা হলো, উদাহরণস্বরূপ, Tense, Voice, Narration, Comparison ইত্যাদি শেখা। তাহলে ঠিক আছে, একটু দাঁড়ান প্লিজ।

এভাবে আপনি যে সব টপিক শিখেছেন তার চেয়ে কম বা বেশি টপিকের সমারোহ ঘোটিয়েও হয়তো অন্য কোনো তত্ত্বমালা গড়ে উঠতে পারত এবং আপনি সেভাবেই তখন গ্রামার শিখতেন।

আসলে, ভাষার যাবতীয় বৈশিষ্ট্য যেভাবে ব্যাখ্যা করা গেছে সেভাবেই তত্ত্বমালা গড়ে উঠেছে।

কিন্তু **ভাষা ব্যাখ্যা ও বর্ণনা করার পদ্ধতি আর ভাষা শেখা ও শেখানোর পদ্ধতি এক নাও হতে পারে** এবং এক নয়ও। তা যদি হতো তাহলে ভাষাতত্ত্বের বিশাল ধারণাপুঞ্জ এবং তত্ত্বমালা সব ই আপনাকে শেখানো হতো ভাষা শেখানোর নামে।

মান্ধাতার আমলের কাহাকে বলে কত প্রকার কী কী খাঁচের তত্ত্বমালার মাধ্যমে ভাষা শেখানোর যে প্রথাসিদ্ধ পথ আমরা অবলম্বন করি, তা

মূলত ভাষা শেখানোর কাজে অপ্রয়োজনীয়ভাবে আলোচনা-প্রধান তত্ত্বমালা শেখানোরই মতো। তবুও আমরা কেন তা অনুসরণ করেছি? কারণ ইংরেজি যাদের মাতৃভাষা, সেই ভাষা শিখতে গেলে তাদেরকে গ্রামার পড়তে হয় না। কিন্তু নিজের ভাষা বর্ণনা, বিশ্লেষণ ও সংরক্ষণ করার জন্য তাদেরও গ্রামার লাগে, যেমন লাগে আমাদের। আমাদের বাংলা ব্যাকরণ তো এখনও পর্যন্ত বাংলার মধ্যকার সংস্কৃতির মেরুদণ্ডকে বর্ণনা করার জন্য, ভাষা শেখানোর কাজে যা অ-সফল। বিশ্বময় ইংরেজির প্রসারের প্রথম দিকে তারা আমাদেরকে সেই বর্ণনামূলক তত্ত্বীয় গ্রামার ব্যবহার করেছেন ভাষা **শেখানোর** কাজে। ফলে শিক্ষার্থীদেরকে ভাষা শিখতে হয়েছে ছোটখাটো একটা বিশ্বযুদ্ধে টিকে থাকার পথ অবলম্বন করে। তখন ভাষা ও সাহিত্যকে সমার্থক হিসেবেই দেখা হতো। তখন দেখা যেত যে যারা ইংরেজি সাহিত্য নিয়ে পড়ত তারা ইংরেজি ভালো জানত।

বাংলা ব্যাকরণের কথাই ধরুন। আমরা যে ব্যাকরণ পড়ি, আপনি কি মনে করেন তা শেখানোর মাধ্যমে কোনো অ-বাংলাভাষীকে আপনি বাংলা ভাষা খুব সহজে শেখাতে পারবেন? তা বুঝতে গিয়ে আমরাই হিমশিম খাই, ভিন-ভাষীদের কথা না হয় বাদই দিলাম। আমাদের এতক্ষণের কথার মর্ম কিন্তু এখন থেকেই খোলাসা হয়ে যাবে।

কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে অল্প সময়ে ভাষা শিখিয়ে বিভিন্ন দেশে এজেন্ট বা গোয়েন্দা ইত্যাদি বিভিন্ন ধরনের দায়িত্ব পালনের জন্য লোকজন পাঠানো হতো। এই উপলক্ষ্যে অল্প সময়ে ভাষা শেখানোর পদ্ধতিমালা নিয়ে অনেক গবেষণা হয়। আর এই সময়টাতেই এই বিষয়টি ধরা পড়ে যে বর্ণনামূলক গ্রামার ও পুরোনো ট্রান্সলেশন পদ্ধতির মাধ্যমে ভাষা শেখানোর কাজ সময় ও শ্রমের অকল্পনীয়

অপচয়মূলক কাজ। তাতে বিনিয়োগের চেয়ে মুনাফা অতিমাত্রায় কম।
লসের ব্যবসা।

যা হোক, তার পর অনেক পদ্ধতির অবতারণা করা হয়েছে।
প্রত্যেকটিরই ভালো-মন্দ দিক রয়েছে। কিন্তু সেগুলিও আমাদের
আলোচ্য বিষয় নয়। কারণ আমরা এমন এক পদ্ধতি অবলম্বন করব যা
এই AI এর যুগে সবচেয়ে সহজ ও গাণিতিক ও সম্প্রসারণ-যোগ্য ও
পূর্ণাঙ্গ। শুধু কি তাই, তা সরাসরি আপনাকে ভাষার প্রোডাকশনকে
উদ্দীপ্ত ও সমৃদ্ধ করবে এবং তার ফল ও হবে তাৎক্ষণিক।

এবং শুধু এও নয়! তার মাধ্যমেই আপনি প্রথাগত গ্রামার অন্যদের
চেয়ে আরও শক্তভাবে ও গভীরভাবেই শিখবেন কারণ আপনাকে
পরীক্ষায় ও পূর্ণাঙ্গভাবে সঠিক উত্তর দিতে হবে। মোট কথা, তখন
নতুন-পুরোনো উভয় ই আপনার দখলে।

এবং আমরা মাত্র ২০ মিনিটেই সেই পদ্ধতির দর্শন তুলে ধরব ইনশা
আল্লাহ।

তাহলে এ বার সত্য কথাটা একেবারে সোজা-সাপটা করে বলে দেয়া
যাক - মাত্র ৩০ টা শব্দের স্বভাব সম্পর্কে ভালোভাবে জানতে পারলে
সহজ ও কঠিন সব দৃষ্টিকোণ থেকে ইংরেজির প্রায় সব - প্রায় সব -
স্ট্রাকচার ও প্যাটার্ন - টেম্প, ভয়েস, ন্যারেশন, কমপ্যারিজন,
ইনফিনিটিভ, ফ্রেজ, ক্লজ কন্ডিশনাল ইত্যাদি সব কিছুই নিয়ম আয়ত্ত
করা যায়। এবং শুধু আয়ত্ত করাই নয়, সাথে সাথে সেই জ্ঞান দক্ষতায়
রূপান্তরিত হবে এবং রীডিং ও রাইটিং এ ব্যবহার করাও যাবে !

প্রমাণ

ছোট্ট একটা এক্সপেরিমেন্ট করলেই বোঝা যাবে আমাদের দাবিটা কতোটা সত্য এবং জীবন বদলাতে আসলে কতো ক্ষুদ্র প্রচেষ্টাই যথেষ্ট। তবে সঠিক পন্থা অবলম্বন ছাড়া সেই প্রচেষ্টাকে ধারণ করে তাকে বিশাল আত্মোন্নয়নের বটবৃক্ষে রূপান্তর করা যায় না। নিচের বাক্যগুলোর ওপর মাত্র এক বার চোখ বুলিয়ে নিন। শুধু চোখ বুলিয়ে নিলেই চলবে। চোখ বোলানোর সময়ে দেখতে পাবেন যে প্রতিটা যে-সব শব্দ ও শব্দগুচ্ছ বাক্যের মূল অর্থ প্রকাশ করছে বা মূল কাঠামোটা রচনা করছে সেগুলোকে বোল্ড অক্ষরে উপস্থাপন করা হয়েছে।
সম্পূর্ণ বাক্য পড়তে না চাইলে শুধু বাক্যের বোল্ড করা অংশটুকুর ওপর চোখ বোলালেই চলবে। কারণ এগুলোই সেই প্যাটার্ন।

1. We **have lived** in a different culture **than** [US] / **from** this one = we **have lived** in a culture different from this one
2. We **have** nearly **finished** the work = we **have almost done** the work
3. We **have not had** a holiday **since** the **beginning** of this year.
4. We **have** spread **too much on** small things and now we **have** fallen short of money
5. We **have to** [= **need to**] leave this place **as soon as** possible

6. We **have to be** working throughout this month **if** we want **to** complete the project in **time**
7. We **have to** identify **each** and every problem and solve it
8. We **have to** take this training in **all** weathers
9. We **haven't had** this thing here in a decade
10. We informed him of everything **that had** happened there
11. We informed them of everything **that had** happened there
12. We know **that** you **are already** in trouble but you **have to** contribute **to** some extent , whatever it is
13. We live **by** the Bay of Bengal
14. We live together and care about **each** other's feelings
15. We **made** him captain of our class
16. We **might have been** working on it **if** it **hadn't** rained
17. We **might not have been** working on it **if** it **had** rained
18. We **might not have** liked it **if there had been** a **better** alternative
19. We **must** love one another or die
20. We **must** plant trees **in order to** keep our environment safe and healthy
21. We **need to** solve it now
22. We **often fall a victim to** circumstances.
23. We **only** get **what** we create , and this **is** the law of karma
24. We read books **to** learn new things
25. We saw village huts **on** either side of the river
26. We shall **have** finished the work **before** he comes.

27. We **should** plant **more** and **more** trees , especially in **all** small pieces of land around our houses
28. We therefore **would** request you **to do** the needful **to** solve the problem and oblige thereby.
29. We walked **there for** **some time** and the water **was above / over** our knees
30. We **were forced to** leave **that** place , **there having been no** supply of drinking water
31. We **were not** at home yesterday
32. We **were talking** about the amount of money he spends every month
33. We **were watching** the news **when** the telephone rang.
34. We **will - though** we dislike it - **have to** take legal action **against** you!
35. We **will be** left **with no** option but **to** take legal action **against** you!
36. We **will have no** option left but **to** take legal action **against** you!
37. We **will have to** take legal action **against** you , which we **have been trying to** avoid!
38. We **will** tell him about it **after** he arrives.
39. We **would have been** working on it **if** it **hadn't** rained
40. We **would have done** it **if** we **had** known the process of doing it
41. We **would not have been** working on it **if** it **had** rained
42. We **would not have done** it **if** we **had** known the consequences of doing it

এই বিষয়ের প্রতি নজর দিলে বোঝা যাবে যে বাক্যগুলোতে বিভিন্ন **স্ট্রাকচার** এবং **প্যাটার্ন** ব্যবহৃত হয়েছে। সেগুলো যাদের জানা আছে তারা বুঝতে পেরেছেন সেগুলো আয়ত্ত করতে তাদের কতোটা সাধনা করতে হয়েছিল? কতোটা সময় ব্যয় করতে হয়েছে। ফলে তাদেরকে যদি সেই ইউসেজ, প্যাটার্ন এবং স্ট্রাকচারগুলোকে একটা তালিকা আকারে লিখতে বলা হয় তাহলে তাদের কাছে এই কাজটাকে ছোটো-খাটো একটা গবেষণার মতো মনে হবে।

কিন্তু মজার ব্যাপারটা জানলে অবাক হয়ে যাবেন। কারণ **আসল রহস্যটা আমাদেরকে সহজে বলে দেয়া হয় না। বরং কেউ সেভাবে তা নিয়ে ভাবেও না। রহস্য টা হলো, সেই সব স্ট্রাকচার ও প্যাটার্ন ও ইউসেজ এর মূল হলো হাতে-গোনা কয়েকটা শব্দের স্বভাব বা বৈশিষ্ট্য বা যোগ্যতা। একেবারে অল্প কয়েকটা শব্দ।** সেগুলো হলো:

Have, than, not, do, much, too, sine, almost, as, soon, to, that, what, more, should, would, এবং কিছু preposition.

নিচের বাক্যগুলোতে বোল্ড করা অংশগুলো দেখেই বোঝা যাবে যে সেগুলোই হলো সংশ্লিষ্ট বাক্যগুলো গঠনের মূল কাঠামো। কিন্তু মাত্র হাতে-গোনা কয়েকটা শব্দ দিয়েই সেগুলো গঠিত! এই কথাটা গোটা ইংরেজি ভাষার ক্ষেত্রেই প্রযোজ্য। এবং এই কাঠামো-গঠনকারী উপাদানগুলো গঠিত হয় –

→ কোনো শব্দের বামে বা ডানে বসে

→ এক বা একাধিক এরূপ শব্দ পাশাপাশি বসে

→ একটা শব্দ এক জায়গায় থেকে অন্য জোড় শব্দটাকে বাক্যে আরো একটু দূরে বসিয়ে

অর্থাৎ কোন ধরনের শব্দের সাথে কোন ধরনের শব্দ কোন অর্থ প্রকাশের জন্য ব্যবহৃত হয় তা কিন্তু ভাষার মধ্যে আগে থেকেই নির্ধারিত। আর এই নিয়মকেই বলে গ্রামার। আমাদের বিশ্লেষণে এই জাতীয় সব নিয়মই উঠে আসবে। অথচ কাহাকে বলে কতো প্রকার ও কী কী ধাঁচের প্রশ্ন-উত্তর এবং সংজ্ঞা মুখস্থ করার মাধ্যমে সেগুলো শেখার প্রয়োজন হবে না।

Table of Contents

CHAPTER	PAGE
Chapter-1: <i>The Mirror of Patterns</i>	15
Chapter-2: <i>Discovery Learning</i>	44
Chapter 3: <i>Sentence Analysis and Grammar Notes</i>	276
Chapter 4: A Summary of Structures	428